ত্রাণ নিয়ে বাড়ি বাড়ি মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান

মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল ২য় দিনের মত মানুষের বাড়ি বাড়ি গিয়ে খাদ্য সামগ্রী বিতরণ করেছেন।

২ হাজার পরিবারকে খাদ্য সামগ্রী পৌঁছে দেওয়ার লক্ষে বৃহস্পতিবার দিনব্যাপী এই ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়।

জেলা পরিষদের উদ্যোগে গাংনী উপজেলার কাথুলী, সাহারবাটি, রাইপুর, গাংনী, ধানখোলার দুস্থ মনুষের হাতে খাদ্য সামগ্রী তুলে দেন চেয়ারম্যান।

জেলা পরিষদের চেয়ারম্যান ও সদর উপজেলা আওয়ামিলীগ এর সভাপতি গোলাম রসুল বলেন, মেহেরপুরের এই সংকটময় পরিস্থিতিতে কোন মানুষ যেনো না খেয়ে থাকে সেজন্য প্রতিটি অসহায় মানুষের বাড়ি বাড়ি গিয়ে খাদ্য পৌঁছে দেওয়া হচ্ছে।

মেপ্র/এমএফআর

সরকারি নির্দেশনা অমান্য করায় চুয়াডাঙ্গায় সাতজনকে জরিমানা

করোনা পরিস্থিতিতে সরকারি নির্দেশনা অমান্য করায় চুয়াডাঙ্গায় পৃথক ভ্রাম্যমাণ আদালতে সাতজনকে জরিমানা করা হয়েছে। বৃহস্পতিবার দিনব্যাপি শহরের বিভিন্ন এলাকায় এসব আদালত পরিচালিত হয়। এতে সাতজন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে ১৩ হাজার টাকা জরিমানা করা হয়।

নির্বাহী ম্যাজিস্ট্রেট আমজাদ হোসেন জানান, করোনা পরিস্থিতি মোকাবেলার জন্য চুয়াডাঙ্গা জেলার বিদেশ থেকে আগত সকলের হোম কোয়ারেন্টাইন নিশ্চিতকরণ, জনসমাবেশ বন্ধকরণ, বাজার মনিটরিং এবং সামাজিক দূরত্ব নিশ্চিত করতে জেলা প্রশাসনের একাধিক আদালত জেলা

শহরে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে। দিনব্যাপি কার্যক্রমে আদালত জনসচেতনতা বৃদ্ধিতেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এসময় সরকারি নির্দেশনা অমান্য করায় সাতজনকে জরিমানা করা হয়।

কুষ্টিয়া ২৫০ শয্যা মেডিকেল কলেজ হাসপাতালে বসছে পিসি আর ল্যাব

কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে চালু হতে যাচ্ছে করোনাভাইরাসে আক্রান্ত অথবা সন্দেহ ভাজন রোগীদের শনাক্ত করার পলিমার্স চেইনরি একশান (পিসিআর) ল্যাব।

কুষ্টিয়া ২৫০ শয্যা মেডিকেল কলেজ হাসপাতালের একটি ভবনে এই ল্যাব স্থাপনের কাজ চলছে। এই ল্যাব চালু হলে আইইডিসিআর ও বিভাগীয় শহর গুলোর পাশাপাশি এটা হবে দেশের ১১ তম পিসি আর ল্যাব।

কুষ্টিয়া ২৫০ শয্যা বিশিষ্ঠ মেডিকেল কলেজ হাসপাতালের আবাসিক চিকিৎসক তাপস কুমার সরকার বলেন, ল্যাবের কাজ কালকের মধ্যেই শেষ হবে।

এরপর আইইডিসিআর থেকে কিছু সরঞ্জাম আসলে সেগুলো বসিয়ে এবং ল্যাব টেকনিশিয়ানদের প্রশিক্ষন সম্পন্ন করে আগামী ১০ দিনের মধ্যেই কুষ্টিয়াতে করোনা টেষ্ট সম্ভব হবে।

মেহেরপুরে বিএনপি নেতা জাকির এর উদ্যোগে ত্রাণ বিতরণ

মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য, পিচ এম্বাসেডর জাকির হোসেন এর উদ্যোগে দুস্থ পরিবারের মাঝে ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার শহরের বিভিন্ন দুস্থ পরিবারের বাড়ি বাড়ি গিয়ে খাদ্য সামগ্রী তুলে দেওয়া হয়।

মেহেরপুর জেলা যুবদলের সদস্য ও ৫ নং ওয়ার্ড যুবদলের সাবেক সাধারণ সম্পাদক মো: মনিরুল ইসলাম মনি এই ত্রাণ সামগ্রী পৌঁছে দেন।

জাকির হোসেন মোবাইল ফোনে জানান, আমার এলাকার এমন কিছু পরিবার আছে যারা এই কঠিন পরিস্থিতিতে খুব কষ্টে আছে। আজ পর্যন্ত সরকারি বা অন্য কোন সংগঠন থেকে তারা কোন সহযোগীতা পাইনি।

এমন মানুষের তালিকা করে তাদের বাড়িতে খাদ্য পৌছে দেওয়ার চেষ্টা করছি।

আজ মেহেরপুর সাহজিপাড়া ও চক্রপাড়ায় বিতরণ করা হয়েছে। পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত আমার পক্ষ থেকে সামর্থ্য অনুযায়ী ত্রাণ বিতরণ অব্যাহত থাকবে।

সার্বিক সহযোগিতায় ছিলেন মেহেরপুর জেলা ছাত্রদলের যুগ্ম সম্পাদক ফরিদুল ইসলাম মিন্টু, মেহেরপুর জেলা নবীনদলের দপ্তর সম্পাদক সোহাগ আলী।

মেপ্র/এমএফআর

কুষ্টিয়ার মিরপুরে করোনা

ভাইরাস রোগী শনাক্তে ভ্রাম্যমাণ হাসপাতাল

কুষ্টিয়ার মিরপুরে করোনা ভাইরাস শনাক্তে ভ্রাম্যমাণ হাসপাতাল চালু করেছেন উপজেলা পরিষদ চেয়ারম্যান কামারুল আরেফিন।

গতকাল বুধবার সকালে এ কার্যক্রম চালু করেন তিনি। সম্প্রতি দেশ জুড়ে করোনা আতঙ্কে মিরপুরের মানুষ ঘর থেকে বের হচ্ছে না। তাই চিকিৎসা নিতে উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে যাওয়া তাদের পক্ষে সম্ভব ও নয়। সাধারণ মানুষকে চিকিৎসা দিতে এবং করোনা ভাইরাসে আক্রান্ত রোগী শনাক্ত করতে এ হাসপাতাল চালু করা হয়েছে। ভ্রাম্যমাণ হাসপাতালের হটলাইন ও চালু করা হয়েছে।

এর মাধ্যমে উপজেলার যেকোনো প্রান্ত থেকে ফোন করে চিকিৎসা সেবা নিতে পারবেন যে কেউ। হট লাইন নাম্বারে ফোন এলে দায়িত্বে থাকা মেডিক্যাল অফিসার সহ চিকিৎসক দল ভ্রাম্যমাণ হাসপাতাল নিয়ে ছুটে যাচ্ছেন রোগীর বাড়ি।

নিজের ব্যক্তি গত একটি গাড়ি ভ্রাম্যমাণ হাসপাতালের চিকিৎসকদের ব্যবহারের জন্য দিয়েছেন চেয়ারম্যান কামারুল আরেফিন। সেই সাথে ওষুধ, ডাক্তারদের পিপিই, চালক এবং সার্বিক খরচও বহন করছেন তিনি।

স্থানীয় উসমান গনি বলেন, ‘ফেসবুকের মাধ্যমে আমরা ভ্রাম্যমাণ হাসপাতাল চালুর কথা জানতে পারি। করোনা সন্দেহভাজন ব্যক্তির বাড়ি গিয়ে নমুনা সংগ্রহ করছে এ হাসপাতালের চিকিৎসকরা। ফোন দেওয়ার আধাঘণ্টার মধ্যেই হাজির হচ্ছেন তারা।’

মেডিক্যাল অফিসার বল্টু হোসেন বলেন, ‘হটলাইনে ফোন পেয়ে আমরা ওয়াবদা কলোনির একটি বাড়ি যাই। সেখানে ঢাকা থেকে আসা এক ব্যক্তির নমুনা সংগ্রহ করেছি। সেটি ঢাকায় পাঠানো হবে। ওই বাড়ির অন্য সদস্যদের হোম কোয়ারেন্টাইনে রাখা হয়েছে।’

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ডা. রাশেদ মাহমুদ রোকনুজ্জামান জানান, এ উপজেলার প্রতিটি মানুষের স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে এবং করোনা ভাইরাসের নমুনা শনাক্তের জন্য ভ্রাম্যমাণ হাসপাতালটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফিন বলেন, ‘আমার মিরপুর উপজেলার মানুষ যাতে বাড়িতে বসেই ২৪ ঘণ্টা চিকিৎসা সেবা নিতে পারে- সেজন্য ভ্রাম্যমাণ এ হাসপাতাল চালু করা হয়েছে।’

তিনি আরও বলেন, ‘কুষ্টিয়া-৩ আসনের সংসদ সদস্য মাহাবুব উল আলম হানিফের নির্দেশনায়, উপজেলা পরিষদ এবং উপজেলা প্রশাসনের সহযোগিতায় এ ভ্রাম্যমাণ হাসপাতাল চালু করা হয়েছে। এর মাধ্যমে সাধারণ মানুষ ঘরে বসেই চিকিৎসা সেবা পাবেন।’

ভ্রাম্যমাণ হাসপাতাল উদ্বোধনের সময় উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী কর্মকর্তা লিংকন বিশ্বাস, মিরপুর থানা অফিসার ইনচার্জ (ওসি) আবুল কালাম, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ডা. রাশেদ মাহমুদ রোকনুজ্জামান, আবাসিক মেডিক্যাল অফিসার ডা. জোবাইয়া ফারজানা, মেডিক্যাল অফিসার ডা. মামুনুর রশীদ প্রমুখ।

আলমডাঙ্গা উপজেলার বলিয়ারপুর-সোনাতনপুর পিচ রাস্তা নির্মাণে ব্যাপক অনিয়মের অভিযোগ

আলমডাঙ্গা অফিস: আলমডাঙ্গা উপজেলার নাগদাহ ইউনিয়নের বলিয়ারপুর-সোনাতনপুর গ্রামে পাকা রাস্তা নির্মাণে ব্যাপক অনিয়মের অভিযোগ উঠেছে ঠিকাদারি প্রতিষ্ঠানের বিরুদ্ধে।
প্রায় দুই কিলোমিটার নির্মিত এ রাস্তায় ব্যবহার করা হচ্ছে নিন্মমানের ইটসহ কিছু কিছু জায়গায় বালির বদলে মাটি। এলাকাবাসীর অভিযোগ, অবিলম্বে রাস্তায় এসব নিন্মমানের ইট অপসারণ করে উন্নতমানের ইট দিয়ে নতুন করে রাস্তা নির্মাণের দাবি জানিয়েছেন এলাকাবাসী।
বলিয়ারপুর-সোনাতনপুর গ্রামের অনেকেই অভিযোগ করে জানান, ঠিকাদারী প্রতিষ্টান ব্যাপক অনিয়ম করে রাস্তার কাজ চালিয়ে যাচ্ছে। করোনা ভাইরাসের কারণে দেশব্যাপী রাস্ট্রীয়ভাবে সমস্ত

প্রকার কাজ বন্ধের নির্দেশ থাকলেও নিজেদের দাম্ভিকতা দেখিয়ে কন্টেক্টার টিটু মিয়া দেদারচ্ছে কাজ চালিয়ে যাচ্ছে।
রাস্তার এ কাজে ইতোপূর্বে গ্রামবাসীর প্রতিরোধের মুখে ঠিকাদারী প্রতিষ্ঠান মাদানী এন্টারপ্রাইজের সত্বাধিকারী টিটু মিয়া বালির বদলে মাটি উঠিয়ে নিতে কিছুটা বাধ্য হলেও এখন ১নং ইটের বদলে ৩নং ও ৪নং ইট দিয়ে রোলিং করছে।
এলাকাবাসীর অভিযোগ, প্রকৌশলী অফিসারকে ম্যানেজ করে রাস্তায় ব্যবহার করা হয়েছে নিন্মমানের ইট ও কিছু কিছু জায়গায় বালির বদলে মাটি দিয়ে কাজ করছে। এলাকাবাসীরা আরো অভিযোগ করেন, এই কাজে অনিয়মের বাধা দিতে গেলে বিভিন্নভাবে হুমকি দেয়া হয় তাদের।
তাই ক্ষুব্ধ তারা। তাদের দাবি নিন্মমানের ইট অপসারণ করে উন্নতমানের ইট দিয়ে অবিলম্বে নতুন করে রাস্তা নির্মাণ করা হোক। এদিকে ঠিকাদারি প্রতিষ্ঠানের কারো বক্তব্য পাওয়া না গেলেও আলমডাঙ্গা উপজেলা এলজিইডির প্রকৌশলীর সাথে কথা বললে তিনি মোবাইলে ঠিকাদারী প্রতিষ্ঠানকে তাৎক্ষণিক কাজ বন্ধের নির্দেশ দিলে মাত্র ১০ মিনিটের জন্য কাজ বন্ধ করে। কিন্তু পরবর্তীতে নিজেদের দাম্ভিকতা বজায় রাখতে দেদারচ্ছে কাজ চালিয়ে যাচ্ছে। রাস্তায় এসব নিন্মমানের ইট অপসারণ করে উন্নতমানের ইট দিয়ে নতুন করে রাস্তা নির্মাণে সংশ্লিষ্টরা দ্রুত পদক্ষেপ নিবেন এমনটাই দাবি এলাকাবাসীর।

গাংনীর ভাটপাড়া আবাসনে পৌছায়নি খাদ্য সহায়তা ৯০ পরিবারের মানবেতর জীবনযাপন

মহামারী করোনার ছোবলে পড়ে কর্মহীণ হয়ে ধুকছে মেহেরপুরের গাংনী উপজেলার ভাটপাড়া আবাসন প্রকল্পের বাসিন্দারা। ৯০ টি পরিবারের কেউ পায়নি সরকারী বা বেসরকারী ত্রাণ। কর্মহীণ হয়ে পড়ায় অভাব যেন হা করে গিলে খাচ্ছে ওদের। তবে স্থানীয় সাংসদ বলছে অতিদ্রত তাদের মাঝে পৌছে যাবে খাদ্য সহায়তা।

বয়সের ভারে নুইয়ে পড়া বৃদ্ধ সাবান আলী। তিনি পেশায় একজন ভিক্ষুক। সারাদিন বাড়ি বাড়ি ঘুরে দিন কাটতো তার। সারা দিনে মানুষের কাছে চেয়ে যা পেতেন নিজেন চিকিৎসা খরচ চালিয়ে খাবার কিনতেন। বর্তমানে

সরকারি সহযোগীতার ব্যাপারে উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানের সাথে কথা বলতে চাইলে তিনি ফোন রিসিভ না করায় মন্তব্য নেয়া সম্ভব হয়নি।

মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন বলেন, অনেক মানুষকেই খাদ্য সহায়তা দেয়া হচ্ছে খুব শিঘ্রই আবাসনের বাসিন্দাদের মাঝে সহায়তা পৌছে যাবে। গাংনীতে একটি মানুষও না খেয়ে থাকবে না।

মেহেরপুর কাঁচা বাজারে উপচে পড়া ভিড়

করোনা ভাইরাসের কারনে সারা দেশের ন্যায় মেহেরপুরে চলছে লক ডা্উন। তার উপেহ্মাকে কেন্দ্র করে মেহেরপুরে কাঁচা বাজার ক্রেতা- বিক্রতারা মানছেনা লক ডাউন ।

কাঁচা বাজারের লক্ষ করলে দেখা যায় মেহেরপুরে কাঁচা বাজার সকাল হতে না হতে কাঁচা বাজারে বিক্রেতা ও ক্রেতার উপচে পড়া ভীর। দেখা যাই মানুষের সমগোম, তাদের মুখে নেই কোন মাক্স, নেই হাতে হ্যান্ড গ্লাভস দেখা যাইনি নিদিষ্ট কোনো দুরত্ব । গায়ে গা ঠেকিয়ে চলছে বেচা কেনার যরদার ।

এ সময় দেখা গিযেছে রিকশা, পাখি ভ্যান,অটো রিকশা, আলগামন, সহ সকল প্রকার যানবহণ।মানা হচ্ছেনা লক ডাইন চোখে পড়ে জন সাধরনের সমাগম।

কিছু লোকের সাথে কথা বলে যানা যায়, বাজারে বিভিন্ন জাইগা থেকে কৃষকরা সবজি বেচার জন্য আসে, ওই সবজি কেনার
জন্য বাজারে ভিড় করে দোকান দাররা সহ বাইরে খুরচা-পা্কইরি ক্রেতা-বিক্রতা সকালে ভীড় দেখা যায়।

[redacted]

[redacted]

করোনায় আরো একজনের মৃত্যু, নতুন শনাক্ত ১১২

বাংলাদেশে গত ২৪ ঘণ্টায় আরও ১১২ জন করোনাভাইরাসে সংক্রমিত রোগী শনাক্ত হয়েছে। এ নিয়ে দেশে করোনাভাইরাসে সংক্রমিত ব্যক্তির সংখ্যা দাঁড়াল ৩৩০।

আজ বৃহস্পতিবার দুপুর আড়াইটায় স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক এ তথ্য জানান।

দেশে করোনাভাইরাসে সংক্রমিত (কোভিড-১৯) প্রথম রোগী শনাক্ত হয় গত ৮ মার্চ। ১৮ মার্চ করোনাভাইরাসে আক্রান্ত হয়ে প্রথম একজনের মৃত্যু হয়। এক মাসের মধ্যে রোগীর সংখ্যা ৩০০ ছাড়িয়ে গেছে।